আমাদের বয়স্কদের ও ডিজেবোল্ড লোকদের (60+ বয়সের) ক্লাবে যোগ দিন

এটি একটি পরীক্ষামূলক প্রোজেক্ট। এ.পই.ডি.এ (এশিয়ান পিপোল ডিজেবিলিটি এলায়েন্স) এস.এইচ.এ এর সংগে পার্টনার হয়ে এই প্রোজেক্ট শুরু করেছে। বর্তমানে গড়ে 8-10 মহিলা ও পুরুষ বাসিন্দা যোগ দিয়ে থাকেন।

সময়: শুরু বিকাল 12:30 - শেষ বিকাল 3:30
কখন: প্রত্যেক বুধবার
কোথায়: (স্পিটালফিল্ডস কমিউনিটি সেন্টার) Spitalfields Community Centre, 117 Vallance Road, London E1 6BW
যোগাযোগ: ব্রায়ান আকিনটোকুন, ফোন: **0207 3771306** বা ইমেইল: **brian@spitalfieldsha.co.uk**

ক্রিয়াকর্ম:

- মনে প্রশান্তি আনে এবং শরীর শক্তিশালী করে তোলা। ছোট ছোট বন্ধুত্বপূর্ণ গ্রুপ, যাতে প্রত্যেকে অংশ নিতে পারেন।
- নিজ নিজ দক্ষতা ও আগ্রহ একে অপরের সংগে বিনিময় করা হয়
- পেশাদার শিল্পী এবং সৃজনশীল ব্যক্তিদের পরিচয় করিয়ে দেওয়া হয় স্বনির্ভর ভাবে ক্রিয়াকর্ম সম্পন্নে উৎসাহ যোগানোর জন্য
- এক সাথে আরাম ও আনন্দ করতে সাহায্য করে।

একটি বাড়তি ব্যবস্থা হিসাবে এ.পি.ডি. এ (APDA) নিম্নলিখিত সাহায্য করবে:

- একজন সোস্যাল ওয়ার্কারের নির্ণয় সাপেক্ষে কেয়ারের ডে কেয়ার সার্ভিস
- সোস্যাল ওয়ার্কার সংশ্লিষ্ট ব্যক্তির বাসস্থানে যাবেন এবং সেবাযত্নের জন্য কি কি দরকার তা নিয়ে আলোচনা করবেন। উভয় পক্ষ আলোচনা করে ঠিক করে নেবেন কিভাবে সেবাযত্ন করা হবে যার মধ্যে থাকতে পারে একটি ডে সেন্টারে যাওয়া।

মাই টেন্যান্সি / একাউন্ট (অনলাইন সংযোগ)

আমরা একটি কাস্টমার পোর্টাল (অনলাইন লগিং সিস্টেম) শুরু করতে যাচ্ছি। এই পোর্টাল ব্যবহার করে আমাদের টেন্যান্ট এবং লিজহোল্ডাররা তাদের ব্যক্তিগত তথ্য নবায়ন করতে পারবেন, রেন্ট ও সার্ভিস চার্জ একাউন্ট দেখতে পারবেন, অনলাইনে পেমেন্ট বা পয়সা পরিশোধ করতে পারবেন, মেরামতের দরকারের কথা জানাতে পারবেন এবং এর আগে কি কি মেরামত কাজ করা হয়েছে তা দেখে নিতে পারবেন।

বাসিন্দারা তাদের নিজ নিজ একাউন্ট থেকে সরাসরি অভিযোগ বা প্রশংসা করতে পারবেন। স্পিটালফিল্ডস এইচ.এ টেন্যান্ট/দের এবং লিজহোল্ডার/দের চিঠি লিখে তাদের নিজ নিজ লগিন বিবরণ সহ বাড়তি নির্দেশনা প্রদান করবে, যার মাধ্যমে তারা নিজেদের একাউন্টে যেতে পারবেন।

ইস্টারের ছুটি

ইস্টারের শুভেচ্ছা সবাইকে

সংখ্যা 30 | মার্চ 2018

স্পিটালফিল্ডস এবং এর আশেপাশের এলাকার সর্বশেষ সংবাদ

SPITALFIELDS HOUSING ASSOCIATION LTD

ইনসাইড এস.এইচ.এ

www.spitalfieldsha.co.uk

আবাসন (হাউজিং) খবর পৃষ্ঠা 3
কমিউনিটি ভিত্তিক কার্যক্রম পৃষ্ঠা 4

ইস্টারের ছুটি উপলক্ষে এই অফিস 29 মার্চ 2018, বৃহস্পতিবার, বিকাল 5.30 টা থেকে 3 এপ্রিল 2018, মঙ্গলবার, 9:30 টা পর্যন্ত বন্ধ থাকবে।

ইস্টারের ছুটির সময় আপনার কোনো ইমার্জেন্সি (জরুরী অবস্থা) দেখা দিলে দয়া করে আমাদের আউট অব অফিস সার্ভিসগুলোর (অফিস বন্ধ থাকাকালীন সেবা ব্যবস্থাগুলোর) সাথে যোগাযোগ করবেন।

ইস্টারের বন্ধের সময় ইমার্জেন্সির ব্যাপারে গৃহীত ব্যবস্থা:

ইমার্জেন্সিতে (জরুরী অবস্থায়) যোগাযোগের টেলিফোন নম্বর

গ্যাস সেন্ট্রেল হিটিং এবং হট ওয়াটারে সমস্যা হলে ফোন করবেন: রবার্ট হিথ হিটিং-কে, ফোন - 0208 336 6767

অন্যান্য ইমার্জেন্সিতে ফোন করবেন:

0207 392 5400 (ওপশন 1 মেরামত বা রিপেয়ার), আপনাকে তখন সরাসরি পিনাকোল কানেক্টের সংগে টেলিফোন সংযোগ দেওয়া হবে। পানি, ইলেকট্রিসিটি বা গ্যাস সমস্যা হলে দয়া করে ফোন করবেন:

থেইম্স ওয়াটারকে
পানি সাপ্লাই না থাকলে ফোন করবেন: 0800 316 9800

পয়োনিষ্কাশন প্রণালী (সুয়ার) প্লাবিত/বন্ধ হয়ে গেলে ফোন করবেন: 0800 316 9800

ইউ.কে পাওয়ার নেটওয়ার্ক
ইলেকট্রিসিটি চলে গেলে
0800 316 3105

ন্যাশন্যাল গ্যাস
ইমার্জেন্সি সার্ভিস
মেইন গ্যাস পাইপ লাইন লিক করলে: 0800 111 999

অন্যান্য ইমার্জেন্সি রিপেয়ার বা জরুরী মেরামত কি বোঝানো হয়?

- পানির সাপ্লাই সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যাওয়া (প্রতিবেশীর সাথে আগে কথা বলে সত্যতা যাচাই করে নিন)
- আগুনে ক্ষয়ক্ষতি (ফায়ার ডেমেইজ)
- ইলেকট্রিসিটি সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যাওয়া (প্রতিবেশীর সাথে আগে কথা বলে সত্যতা যাচাই করে নিন)
- বাইরের দরজা ও জানালার নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত হওয়া
- ইলেকট্রিসিটি বা লাইট সকেট বা ইলেকট্রিক্যাল সরঞ্জাম অনিরাপদ হয়ে পড়া
- ময়লার ড্রেইন কিংবা সয়েল স্টাক বন্ধ হয়ে যাওয়া বা তা লিক হওয়া অথবা (বাসস্থানে আর কোনো টয়লেট না থাকলে) টয়লেট প্যান (মেইন ম্যানহোল/ শেয়ার্ড গালি থেকে হলে দয়া করে থেইম্স ওয়াটারকে ফোন করবেন)
- পাইপ ফেটে যাওয়া, পানি উপচে পড়া (পানির মারাত্মক লিক যা আটকানো বা বন্ধ করা যায় না)
- বৃষ্টির পানি ভিতরে প্রবেশ করা
- পানিতে ভেসে যাওয়া বা বন্যা
- অশালীন বা বর্ণবাদী দেয়াল লিখন
- কার পার্কের গেইট খুলে না
- লিফ্ট নষ্ট হয়ে যাওয়া
- ইলেকট্রিক হিটিং ও হট ওয়াটার
- তুফানে ক্ষয়ক্ষতি
- সর্বসাধারণের প্রবেশের দরজা বা মূল প্রবেশ দরজা খুলতে পারা যায় না।

অন্যান্য যে কোনো কাজ ইস্টারের পর অফিস খোলার পর সম্পন্ন করার ব্যবস্থা করা হবে। শুধুমাত্র অত্যাবশ্যক কাজগুলো করা হবে যে কোনো বিপদের ঝুঁকি দূর করার জন্য। তৎপরবর্তী (ফলো আপ) কাজগুলো ইস্টার শেষে অফিস খোলার পর সম্পন্ন করার জন্য রেখে দেওয়া হবে।

জেনে রাখুন যে, ইমার্জেন্সি বা জরুরী নয় এমন কাজগুলো এসোসিয়েশনের ওয়েবসাইটের মাধ্যমে জানানো যাবে।

অনলাইনে মেরামতের দরকারের কথা জানান, £15 শপিং ভাউচার জিতে নিন

অনলাইনে যারা মেরামত দরকারের খবর জানান, তাদের মাঝ থেকে একজনকে আমরা প্রতিমাসে £15 এর শপিং ভাউচার দিয়ে থাকি। মেরামতের দরকারের কথা যারা অনলাইনে জানাবেন তাদের নাম কাগজে লিখে আমরা একটি টুপির ভিতর রাখি। তারপর প্রত্যেক মাসে লটারির মতো আমরা একজনের নাম তুলি। সেই সৌভাগ্যবানই পান আমাদের শপিং ভাউচার। সুতরাং আমাদের ওয়েবসাইটে ক্লিক মেরামতের খবর জানান এবং শপিং ভাউচার জিতে নেওয়ার সুযোগ নিন। আমরা আনন্দের সংগে জানাচ্ছি যে, 2017 এর ডিসেম্বর এবং 2018 এর জানুয়ারী মাসে বিজয়ী হয়েছিলেন মিস্টার মালিক এবং মিজ খাতুন। তাদেরকে অভিনন্দন। সব বাসিন্দাদেরকে অনলাইনে মেরামতের প্রয়োজনের কথা জানানোর ব্যবস্থা সম্পর্কে আবারো স্মরণ করিয়ে দিচ্ছি। এখন থেকে যখন আপনার বাসস্থানের কোনো কিছু নষ্ট হবে বা অকেজো হবে তখন আমাদের ওয়েবসাইটে গিয়ে মেরামত করে দেওয়ার অনুরোধ করবেন। এটি খুব সহজ এবং পরষ্পর-সক্রিয়। আপনি খুব তাড়াতাড়ি উত্তর পাবেন (অন্য পদ্ধতির চেয়ে বেশি তাড়াতাড়ি)। তাছাড়া £15 এর শপিং ভাউচার জিতে নেওয়ার সুযোগ পাবেন, যা হয়তো কয়েকটি ক্লিকের ব্যাপার মাত্র। আমাদের ওয়েবসাইটে গিয়ে আমাদের হোম সেকশন (home section) -এ যান এবং রিপোর্ট এ রিপেয়ার (report a repair) সিলেক্ট করুন। স্পিটালফিলডস হাউজিং এসোসিয়েশনের ওয়েবসাইট এড্রেস হলো: **http://www.spitalfields.co.uk/yourhome/report-a-repair**

আদর্শ সামগ্রী

আমাদের গত সংবাদপত্রে (নিউজলেটারে) আমরা বাসিন্দাদের জানিয়েছিলাম যে, মেরামত কাজের ব্যাপারে আমরা একটি নতুন ঠিকাদারি কোম্পানীর সংগে চুক্তি করতে যাচ্ছি। চুক্তি সম্পন্নের কাজটি দিনে দিনে এগিয়ে চলছে। আমরা আশা করছি সামারের শেষে একটি নতুন ব্যবস্থা চালু হবে। নতুন চুক্তির একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে বাসিন্দাদের জানা দরকার বলে আমরা করি। বিষয়টি হলো, মেরামতের জন্য ব্যবহৃত সামগ্রী সম্পর্কে। আমরা যেসব সামগ্রী ব্যবহার করি সেগুলো আমরা আদর্শায়িত করতে যাচ্ছি। এটি হবে টেকসই একটি ব্যবস্থা। এর মাধ্যমে অর্থের উপযুক্ত বিনিময় মূল্য পাওয়া যাবে। একটি অনলাইন প্রশ্নোত্তরের ও এসোসিয়শেনের অফিসে মিটিং এর মাধ্যমে আমরা এই ব্যাপারে বাসিন্দাদের মতামত নিয়েছিলাম। অনেক সামগ্রী প্রদর্শন করা হয়েছিল। বাসিন্দারা তাদের পছন্দের সামগ্রী পছন্দ করার সুযোগ পেয়েছিলেন। তাদের পছন্দকৃত সামগ্রী এখন আমাদের মেরামত চুক্তির অন্তর্ভুক্ত হবে।

বাসিন্দাদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য: নতুন চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর প্রতিটি মেরামত সম্পন্ন করা হবে আদর্শ (স্ট্যান্ডার্ড) সামগ্রী ব্যবহার করে। বাসিন্দাদের জানা দরকার যে, কোনো সামগ্রী বদলাতে হলে আগের মতো ‘যেমন ছিল তেমন সামগ্রী’ দেওয়া হবে না। উদাহরণস্বরূপ, যদি একটি ট্যাপ বদলানোর দরকার হয়, তবে পুরাণ ট্যাপের পরিবর্তে একটি স্ট্যান্ডার্ড ট্যাপ দেওয়া হবে। বর্তমানে যে ট্যাপ রয়েছে হুবহু একই ট্যাপ দেওয়া হবে না, যদি না বর্তমানের ট্যাপ আর স্ট্যান্ডার্ড ট্যাপ একই হয়। আমরা আশা করছি এই পদ্ধতিটি একটি টেকসই ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে আমাদের সাহায্য করবে।

ভাবছেন অন্য বাসস্থানে যাবেন? ‘মিউচুয়্যাল এক্সেচেইঞ্জ’ পদ্ধতি ব্যবহার করে দেখুন

মিউচুয়্যাল এক্সচেইঞ্জ বাসস্থান পরিবর্তনের দ্রুততম একটি পদ্ধতি। এই পদ্ধতিতে আপনি স্পিটালফিলডস এর অন্য কোনো টেন্যান্ট বা অন্য কোনো হাউজিং এসোসিয়েশনের বা কাউন্সিলের টেন্যান্টের সাথে আপনার বাসস্থান বদলাতে পারবেন। আপনি হয়তো অন্য কোনো এলাকায় যেতে চান, বা আপনার হয়তো আরো ছোট বাসস্থানের দরকার বা বেশি বেডরুমের বাসস্থান দরকার। তাই আপনি বাসস্থান পরিবর্তন করতে চান। যাদের সিকিউর বা এসুর্ড টেন্যান্সি রয়েছে এবং রেন্ট পাওনা নেই তারা মিউচুয়্যাল এক্সচেইঞ্জ এর মাধ্যমে বাসস্থান বদলাতে পারবেন। আমরা হোমসোয়াপার্স (Home Swappers) এর সংগে পার্টনারশিপ করেছি যাতে স্পিটালফিল্ডস্ এর বাসিন্দারা বিনামূল্যে এই সার্ভিসটি ব্যবহার করতে পারেন। 2017 সালের ডিসেম্বর থেকে 5 জন বাসিন্দা সাফল্যের সাথে বাসস্থান পরিবর্তন করেছেন। হোমসোয়াপার্স (Home Swappers) ব্যবহার করে আপনি জানতে পারবেন অন্য টেন্যান্ট(দের) সম্পর্কে যারা বাসস্থান অদলবদল করতে চান। তাছাড়া, মোভমেইকার (MoveMaker) হাউজিংমোভ্স (HousingMoves) এবং সিসাইড এন্ড কান্ট্রি হোম্স (Seaside & Country Homes) ব্যবহার করেও দেখতে পারেন। শুরু করার আগে আমাদের সংগে যোগাযোগ করে জেনে নেবেন আপনি যোগ্য কি না। তাছাড়া আপনার কাছে যাতে কোনো রেন্ট পাওনা না থাকে তা নিশ্চিত করে নেবেন। যখন কাউকে পাবেন, যিনি আপনার সাথে বাসস্থান বদলাতে চান, তখন আমাদের সংগে **020 7392 5400** নাম্বারে ফোন করে বা **housing@spitalfieldsha.co.uk** ঠিকানায় ইমেইল করে বাসস্থান বদল করার অনুমতি নেবেন।

হাউজিং ম্যানেজমেন্ট টিমের পক্ষ থেকে বাসিন্দাদের ধন্যবাদ

স্পিটালফিল্ডস্ হাউজিং এসোসিয়েশনের হাউজিং ম্যানেজমেন্ট টিম সেসব বাসিন্দাদের ধন্যবাদ জানাচ্ছে যারা রেন্ট এবং/বা সার্ভিস চার্জ অগ্রিম পরিশোধ করা শুরু করেছেন।

আমরা তাদেরকে আরো ধন্যবাদ জানাই এ কারণে যে তারা বুঝতে পেরেছেন অগ্রিম রেন্ট পরিশোধ করা দরকার কেনো এবং অগ্রিম রেন্ট পরিশোধ তাদের টেন্যান্সি এগ্রিমেন্টের/লিজ এগ্রিমেন্টের একটি শর্ত। যদি আপনার রেন্ট এবং/অথবা সার্ভিস চার্জ অগ্রিম পরিশোধ করা শুরু না করে থাকেন কিংবা রেন্ট এবং/অথবা সার্ভিস চার্জ অগ্রিম পরিশোধ করা সম্পর্কে শুনে না থাকেন, তবে দয়া করে স্পিটালফিল্ডস্ এইচ.এ এর ইনকাম অফিসার স্টিফেন বার্নার্ড এর সংগে যোগাযোগ করবেন। তিনি রেন্ট এবং/অথবা সার্ভিস চার্জ অগ্রিম পরিশোধ করা সম্পর্কে বুঝিয়ে বলবেন যা প্রতিটি টেন্যান্সি এগ্রিমেন্টে/লিজ এগ্রিমেন্টে বলা আছে।

2018 এর এপ্রিলে কিছু রেন্ট এবং/অথবা সার্ভিস চার্জে বার্ষিক পরিবর্তন আনা হবে। রেন্ট/সার্ভিস চার্জ পরিবর্তনের চিঠি পাওয়ার পর দয়া করে আপনার স্ট্যান্ডিং অর্ডার পেমেন্ট পরিবর্তন করে নেবেন।

ডাইরেক্ট ডেবিট আপনাআপনি পরিবর্তন করা হবে। স্মরণ করে ঐ চিঠির একটি কপি দয়া করে হাউজিং বেনিফিট ডিপার্টমেন্টে পাঠাবেন যাতে তারা আপনার প্রাপ্য হাউজিং বেনিফিটের পরিমাণ হিসাব করে নিতে পারেন।

আবাসন (হাউজিং) খবর

জনসাধারণের এলাকা পরিষ্কার রাখুন

বাসিদন্দাদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, আপনারা জনসাধারণের এলাকায় যেমন হলে, সিঁড়িতে বা স্টেয়ারওয়েলে এবং করিডোরে কোনো জিনিষ ফেলে রাখবনে না। এসব ফেলে রাখা জিনিষ অগ্নিকান্ডের সময় বিপদের সৃষ্টি করে কারণ এগুলো চলাচলের পথ বন্ধ করে দেয় এবং ইমার্জেন্সি সার্ভিসের লোকদের কাজ করতে সমস্যা হয়।

এই নিয়মগুলো বাইসাইকেল এবং প্রাম সহ, ছোট বড় যে কোনো ব্যক্তিগত জিনিষের ক্ষেত্রে প্রযোজ্য।

ফেলে রাখা যে কোনো জিনিষ সরিয় নিয়ে তা ফেলে দেওয়া হবে।

আমরা যদি কোনো জিনিষ সংরক্ষণ করে রাখি তবে যথাযথ ক্ষেত্রে তা ফেরত দেওয়ার জন্য (সরানোর এবং সংরক্ষণ) খরচআমাদেরকে সেগুলোর মালিকের পরিশোধ করতে হবে। আমাদের এস্টেইগুলোর প্রতিটি ব্লকে আমরা তা শুরু করেছি।

দয়া করে ডোর ক্লোজার (দরজা বন্ধ রাখার ব্যবস্থা) সরাবেন না।

আমাদের অনেক ব্লকে আমরা অটোমেটিক ক্লোজার (আপনাআপনি দরজা বন্ধ হওয়ার ব্যবস্থা) সংযুক্ত করেছি, যাতে আগুন লাগলে স্টেয়ারওয়েল বা সিঁড়ি এলাকা ধোয়ায় অন্ধকার না হয়।

দয়া করে এগুলো সরাবেন না বা অকেজো করবেন না, কারণ তা অগ্নিকান্ডের সময় আপনার ও অন্যদের জীবন বিপন্ন করে তুলতে পারে। তাছাড়া ফায়ার ডোরে ঠেস লাগিয়ে কখনো দরজা খুলে রাখবেন না, কারণ ফায়ার ডোর সব সময় বন্ধ থাকা আবশ্যক।

অগ্নি নিরাপত্তা সম্পর্কে

আমরা আপনাদের নিশ্চিত করতে চাই যে, আমরা অগ্নি নিরাপত্তার বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে থাকি। আমাদের প্রতিটি স্থাপনায় নিয়মিত ফায়ার রিস্ক এসেসমেন্ট (আগুন লাগার সম্ভাবনা পরীক্ষা) সম্পন্ন করা হয়। আমাদের প্রতিটি বিল্ডিং বর্তমানের অগ্নি নিরাপত্তা আইন ও কার্যপদ্ধতি অনুসরণ করে যার মধ্যে রয়েছে এস্টেইট পরিদর্শন।

জনসাধারণের এলাকাগুলোতে ব্যক্তিগত জিনিষ না রেখে আপনার বিল্ডিং এর অগ্নি নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার কাজে আমাদের হাউজিং ম্যানেজমেন্ট টিমকে সাহায্য করতে পারেন।

অগ্নি নিরাপত্তা সম্পর্কে আপনার কোনো উদ্বেগ বা অনুসন্ধান থাকলে দয়া আমাদেরকে ফোন করবেন: **020 7392 5400** বা **admin@spitalfieldsha.co.uk**